

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৮৩-আইন/২০১৬/৭৫৯-মুসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ২১৩-আইন/২০১০/৫৬২-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(ক) প্রস্তাবনা অংশে উল্লিখিত -

(অ) “এবং ৪৭.১১” শব্দ ও সংখ্যাগুলি বিলুপ্ত হইবে;

(আ) “রেফ্রিজারেটর, ফ্রিজার ও মোটর সাইকেলকে” শব্দগুলি ও কমার পরিবর্তে “রেফ্রিজারেটর ও ফ্রিজারকে” শব্দগুলি এবং “রেফ্রিজারেটর, ফ্রিজার ও মোটর সাইকেল” শব্দগুলি ও কমার পরিবর্তে “রেফ্রিজারেটর ও ফ্রিজার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) শর্ত নং (ঙ) বিলুপ্ত হইবে; এবং

(গ) অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত “১৬ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে “১৬ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৭ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

সিনিয়র সচিব